

কলারোয়ায় ২৯ শিক্ষকের স্বাক্ষর জালের অভিযোগ

প্রতিনিধি, কলারোয়া (সাতক্ষীরা)

কলারোয়া জিকেএমকে পাইলট হাইস্কুলের সহকারী প্রধান শিক্ষক আব্দুর রকীবের বিরুদ্ধে প্রধান শিক্ষকসহ ২৯ শিক্ষক-কর্মচারীর স্বাক্ষর জাল করে ভুয়া রেজুলেশন তৈরির অভিযোগ উঠেছে। প্রধান শিক্ষক আবদুর রবকে ফাসাতে এ ভুয়া রেজুলেশন বলে জানা গেছে। এ ঘটনায় গত বৃহস্পতিবার প্রধান শিক্ষক কলারোয়া থানায় একটি সাধারণ ডায়েরি করেছেন। ডায়েরিতে উল্লেখ করা হয়েছে, ওই স্কুলের সহকারী প্রধান শিক্ষক বিগত ২০১৫ সালের ২৪ আগস্ট তারিখে বিদ্যালয়ের ২৯ শিক্ষক কর্মচারী স্বাক্ষর সংবলিত যে সভার রেজুলেশন উপস্থাপন করা হয়েছে সেটি বানোয়াট। ওই তারিখে আদৌ কোন সভা হয়নি। প্রধান শিক্ষক আবদুর রব, সহকারী শিক্ষক আব্দুর রব মাসুম, শরীর চর্চা শিক্ষক মাহফুজা খাতুন, ভোকেশনাল শিক্ষক জাহিদ হোসেন ও মোখলেছুর রহমানকে জড়িয়ে রেজুলেশনে যে বক্তব্য দেয়া হয়েছে সেটিও সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত। প্রধান শিক্ষক বিগত ২০১৫ সালের ২৩ আগস্ট সন্ধ্যায় ঢাকা গমন করেন এবং ২৮তারিখ পর্যন্ত প্রকল্প পরিচালক সেকায়েপ শিক্ষা ভবনে কাজসহ বিভিন্ন অফিসিয়াল কাজে ঢাকাতে অবস্থান করেন। কলারোয়া থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ শনিবার সাধারণ ডায়েরির বিষয়টি নিশ্চিত করেছেন।